

## স্কুল-কলেজে বৈসাবি, চৈত্র সংক্রান্তি ও পহেলা বৈশাখে তিন দিনের ছুটি

প্রকাশের তারিখ : ১১ এপ্রিল ২০২৬



দেশের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সব শিক্ষাপ্রতিষ্ঠান টানা তিন দিনের ছুটিতে যাচ্ছে। আগামীকাল রোববার (১২ এপ্রিল) থেকে শুরু হওয়া এই ছুটি চলবে মঙ্গলবার (১৪ এপ্রিল) পর্যন্ত।

এর আগে শুক্র ও শনিবার (১০ ও ১১ এপ্রিল) সাপ্তাহিক ছুটি থাকায় মোট পাঁচ দিনের জন্য বন্ধ থাকছে দেশের স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান। বাৎসরিক ছুটির তালিকা পর্যালোচনা করে এ তথ্য জানা গেছে।

ছুটির তালিকা অনুযায়ী, ১২ এপ্রিল বৈসাবি উৎসব উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকবে। পরদিন ১৩ এপ্রিল চৈত্র সংক্রান্তি এবং ১৪ এপ্রিল বাংলা নববর্ষ পহেলা বৈশাখ উপলক্ষে ছুটি ঘোষণা করা হয়েছে।

ফলে সাপ্তাহিক ছুটির সঙ্গে মিলিয়ে টানা পাঁচ দিনের বিরতি পাচ্ছেন শিক্ষার্থী, শিক্ষক ও সংশ্লিষ্টরা। ছুটি শেষে বুধবার (১৫ এপ্রিল) থেকে যথারীতি সব শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণি পাঠদান ও দাপ্তরিক কার্যক্রম শুরু হবে।

রাজধানীসহ দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ইতিমধ্যে নোটিশ দিয়ে এ ছুটির ঘোষণা দিয়েছে। ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, বৈসাবি উৎসব, চৈত্র সংক্রান্তি ও পহেলা বৈশাখ উপলক্ষে স্কুল ও কলেজ শাখার সব ধরনের পাঠদান এবং দাপ্তরিক কার্যক্রম বন্ধ থাকবে।

প্রকাশনার ৭৫ বছর

# সংবাদ

সম্পাদক ও প্রকাশক  
আলতামাশ কবির  
নির্বাহী সম্পাদক  
শাহরিয়ার করিম  
প্রধান, ডিজিটাল সংস্করণ  
রাশেদ আহমেদ

কপিরাইট © ২০২৬ | সংবাদ | সর্বস্বত্ব সংরক্ষিত